



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫




স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০৮৮.২১.০৯৮

তারিখঃ ১২/১২/২০২১খ্রিঃ

বিষয়: ইন্টারনেট সেবা ক্রয় বাবদ বরাদ্দ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় এর মাঠ পর্যায়ে কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত বিগত ২৯/১১/২০২১ খ্রিঃ তারিখে উপজেলাওয়ারী বিভিন্ন খাতে অর্থ বরাদ্দ প্রদান করা হয়। কিন্তু ইন্টারনেট সেবা ক্রয় বাবদ কোন বরাদ্দ প্রদান করা হয়নি। প্রকল্পের যাবতীয় কার্যক্রম অনলাইন সফটওয়্যারের মাধ্যমে পরিচালিত হওয়ায় নিরবচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ রাখা আবশ্যিক। তাই পরবর্তী অর্থ ছাড়ের ক্ষেত্রে ইন্টারনেট খাতে বরাদ্দ প্রদান করা হবে। সে বিবেচনায় ছাড়কৃত অর্থ হতে আপাতত ডিসেম্বর/২০২১ এবং জানুয়ারী/২০২২ মাসের ইন্টারনেট সেবা ক্রয় বাবদ মাসিক ৫০০/- হারে ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, বর্গিত ০২ মাসে ইন্টারনেট খাতে ব্যয়কৃত অর্থ প্রকল্প সদর দপ্তর হতে পরবর্তী কিস্তির অর্থ ছাড়ের পর সমন্বয়যোগ্য হবে।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোনঃ ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলা:, জেলা:

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. পরিচালক (প্রশাসন/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা/হিসাব সহকারী (ইরেসপো), উপজেলা:, জেলা:
৫. অফিস নথি।